

## বালুরঘাট কলেজ

২০২০ -২১ শিক্ষাবর্ষে ভর্তির সাধারণ নিয়মাবলী

১. প্রত্যেক আবেদনকারীর E-mail ID ও সক্রিয় মোবাইল নম্বর থাকা অত্যন্ত জরুরি. আবেদনপত্রে ব্যবহৃত মোবাইল নম্বরেই ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রেরিত হবে.

২. ফর্ম fill -up পূর্বে ওয়েব সাইটে 'Important Links' এ প্রদত্ত যাবতীয় তথ্য পরে নিতে হবে.

৩. বালুরঘাট কলেজ এর ২০২০ -২১ শিক্ষাবর্ষে অনলাইন ভর্তির এপ্লিকেশন এর জন্যে অনলাইন এডমিশন পোর্টাল (balurghatcollegeadmission.com ) এ গিয়ে New Registration Tab এ ক্লিক করতে হবে.

৪. আবেদনপত্রের প্রথমেই যাবতীয় তথ্য বিশেষ করে প্রাপ্ত নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর, জাতি, ছাত্রাবাস এর প্রয়োজন কিনা, বাবা ও মায়ের পুরো নাম ইত্যাদি অত্যন্ত সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে. এক্ষেত্রে কোনো ভুল হলে তা বাতিল করে পুনরায় 'New Registration' tab এ ফিরে আসতে হবে.

৫. ফর্ম Fill-Up এর সময় যে মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে সেই নম্বর এ Application Number এবং Password প্রেরিত হবে. এই তথ্য গুলি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়া পর্যন্ত সংরক্ষণ করতেই হবে .

৬. এর পর ফোন এ পাঠানো Application Number এবং Password দ্বারা Candidates Area Window তে 'Log in' করতে হবে. এরপর Profile Details page এ Personal Details এ গিয়ে ব্যক্তিগত তথ্য গুলি দিয়ে নির্ভুল ভাবে সেটি পূরণ করে Save বাটন এ ক্লিক করতে হবে .

৭. এরপর ক্রমানুসারে course এর পেজ এ stream এ ক্লিক করে Arts /Science /Commerce যেকোনো একটি select করে ও types এ গিয়ে Honours / General পছন্দমতো বেছে নিতে হবে

৮. Subjects Group থেকে পছন্দমতো Subject এর নাম নির্দিষ্ট ঘরে পূরণ করতে হবে. কোনো Group থেকে একটির বেশি সাবজেক্ট নেওয়া যাবে না. বিষয়সমন্বয় (সাবজেক্ট কম্বিনেশন) এর ক্ষেত্রে প্রত্যেক আবেদনকারী যেন ওয়েব সাইট এ প্রদত্ত 'Subject Group' দেখে নেয়.

৯. এরপর Check the Merit Box এ ক্লিক করতে হবে. এরপর পোর্টালে

"You are Eligible" দেখলে 'Add কোর্স' এ ক্লিক করতে হবে. অন্যথায় পূর্ববর্তী মেনুতে ফিরে যাতে হবে.

১০. একাধিক Honours Subject বা General Course এ Apply করতে চাইলে 'stream' এবং 'type' change করে করে apply করবে এবং তা একই Application Form এ বাদ্ধতামূলকভাবে করতে হবে (এখানে উল্লেখযোগ্য যে, কলেজে ভর্তি হবার পর কোনোভাবেই Subject Change করা যাবে না)

১১. এরপর **Document Upload** এ ক্লিক করে নির্দিষ্ট Box এ Photo, Signature, Marksheet , Age Proof সার্টিফিকেট, জাতিগত শংসাপত্র, শারীরিক প্রতিবন্ধকতার শংসাপত্র (যদি প্রযোজ্য হয়) Upload করে 'save' করতে হবে.

১২. প্রত্যেক আবেদনকারীকে শুধুমাত্র ওয়েবসাইট এ প্রদত্ত 'online Payment' (Credit Card , Debit /ATM Card , Net Banking) এর মাধ্যমেই পেমেন্ট করতে হবে. আবেদন পত্রের সঙ্গে প্রদত্ত ফি কোনোভাবেই ফেরৎযোগ্য নয়.

১৩. ওয়েব সাইট এ প্রদত্ত সময়তালিকা (Schedule) অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে. কোনো Admission merit list এর ভর্তির তারিখ পেরিয়ে গেলে ঐ Admission merit list ভুক্ত কোনো প্রার্থীকে আর ভর্তি নেওয়া হবে না.

১৪. View /Print current application ফর্ম এ ক্লিক করে Application ফর্ম Print করতে হবে. একই সাথে Receipt /Challan Print এ ক্লিক করে তার Printout নিতে হবে. এইদুটো Document খুবই গুরুত্বপূর্ণ যা Verification এর সময় বাধ্যতামূলক ভাবে দেখাতেই হবে.

১৫. ক্লাস শুরুর তারিখ পরে জানানো হবে এবং ঐ দিনই Document Verification করে রোল নম্বর দেওয়া হবে. ঐ দিন Application Form, Fees payment এর Receipt /Challan, মাধ্যমিকের Admit Card, উচ্চমাধ্যমিকের মার্কশীট, জাতিগত শংসাপত্র, শারীরিক প্রতিবন্ধকতার শংসাপত্র (যদি প্রযোজ্য হয়) original আনতেই হবে.

বি.দ্রঃ আবেদনকারীদের নিয়মিত কলেজের ওয়েবসাইট দেখতে বলা হচ্ছে.